# BENGALI

---

***Maximum Marks: 80***

***Time Allowed: Three hours***

*(Candidates are allowed **additional 15 minutes** for **only** reading the paper.*

*They must **NOT** start writing during this time).*

---

*Answer **Questions 1, 2 and 3 in Section A** and **four** questions from **Section B** on **any three** out of the four prescribed textbooks.*

*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

---

## SECTION A

## LANGUAGE - 40 MARKS

**Question 1** **[15]**

**Write a composition in approximately 400 words in Bengali on any *one* of the topics given below.**

**নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর ৪০০ শব্দে একটি রচনা লেখ–**

(i) এমন একজন মানুষের কথা লেখ, যে তোমার জীবনে পরিবর্তন এনে দিয়েছেন–সেই পরিবর্তন গুলি কী কী তা আলোচনা কর।

(ii) ‘ আমরা বিজ্ঞানের অগ্রগতির প্রতি যতটা আগ্রহী, মা প্রকৃতির প্রতি ততোটাই উদাসীন’– আলোচনা কর।

(iii) ‘অত্যধিক প্রত্যাশা (Expectation) আমাদের অসুখী করে তোলে ’– এর পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও।

(iv) ‘গতি’ (Speed)

(v) ভারতীয় সমাজ ও জীবনযাপনে ক্রমবর্ধমান প্রযুক্তিগত উন্নতির প্রভাব কিভাবে– প্রতিফলিত হয়েছে বলে তুমি মনে কর– আলোচনা কর।

(vi) নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর মৌলিক গল্প লেখ–

(a) অকৃতজ্ঞ

(b) মোমবাতি

---

**Question 2**

**Read the passage given below carefully and answer in Bengali questions that follow, using your own words:**

**নিম্নলিখিত রচনাংশটি ভালো করে পড়ে বাংলা ভাষায় প্রশ্নগুলির উত্তর দাও। উত্তরগুলি নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।**

১৯৪১ সাল,বিশ্বযুদ্ধ চলেছে...রেঙ্গুনে বোমা পড়েছে!বাতাসে বারুদের গন্ধ,ট্রেঞ্চ খুঁড়ছে সাহেবরা।ক্রমশ ফাঁকা হয়ে যাচ্ছে কোলকাতা।শহর ছেড়ে শান্তিনিকেতনে অসুস্থ রবি ঠাকুরকে সপরিবারে দেখতে গেলেন কবি বুদ্ধদেব বসু।কবি রবীন্দ্রনাথ তখন মৃত্যুকে ছুঁয়ে শান্তচিত্তে বসে আছেন অবধারিতের নম্র প্রতীক্ষায়।বসু দম্পতির থাকার ব্যবস্থা হল রতনকুঠিতে।কবিপুত্র রথীন্দ্র ও তাঁর স্ত্রী প্রতিমা সেখানেই তাঁদের জন্য সব ব্যবস্থা করে রেখেছিলেন। একদিন প্রাতরাশের টেবিলে রথীন্দ্র শান্তিনিকেতনের নতুন পল্লির মানচিত্র বিছিয়ে বুদ্ধদেবকে বললেন, “দেখুন কোন জমি পছন্দ,সেটাই নিন!”বুদ্ধদেব একটু ঝুঁকে দেখছিলেন মানচিত্রের চৌকো প্লট গুলো। পাশে বসে দূরে পূর্বপল্লির আদিগন্ত শূন্য মাঠের দিকে চেয়েছিলেন স্ত্রী প্রতিভা। কোলকাতার মানুষদের কাছে শান্তিনিকেতন তখনও “ব্রজডাঙ্গা”। যেন খাঁ খাঁ মরুভূমির মতো প্রান্তর।কোথাও কোথাও কোনও গাছ নেই!পাথুরে দেশ,একেবারেই বন্ধ্যা।ডাঙ্গা শেষ হতেই গড়িয়ে গেছে খোয়াই।---লাল,লাল কাঁকুড়ে উঁচু নিচু ঢেউ খেলানো জমি। অদূরে প্রান্তরের বুক চিরে চলে গিয়েছে রেললাইন।রথী ঠাকুর বলে যাচ্ছিলেন , কীভাবে জমি বন্টন হবে। নতুনপল্লির জন্য আরও কী কী করা যায় - ইত্যাদি ইত্যাদি। তার কিছুদিন আগেই বিশ্বভারতী, কাগজে বিজ্ঞাপন দিয়েছিল, দু’বিঘা জমির বিনিময়ে আড়াইশো টাকা দিয়ে আজীবন বিশ্বভারতীর সদস্য হওয়ার খবর। শেষে পছন্দসই কর্নার প্লটই পেলেন বসু দম্পতি! জমি কেনার আড়াইশো টাকা খুব কষ্ট করেই জোগাড় করেছিলেন বুদ্ধদেব। তবে তিনি একা নন,পড়শি বসালেন ২০২ রাসবিহারী এভিনিউ-এর কবিতা ভবনের আড্ডা সঙ্গীদের ডেকে ডেকে। জমি কিনলেন কবি অজিত দত্ত, কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায়রা।দেখতে দেখতে একদিন বাড়িও উঠল।গেটে বসল শ্বেত পাথরের ফলক। তাতে বুদ্ধদেবের শেষ বেলার কাব্যগ্রন্থের নাম- “স্বাগত বিদায়”লেখা।

সেই বাড়ির সদর দরজায় এখনও সেই ফলক!বাড়ি আর কই,ফলকের স্মৃতিচিহ্নটুকুই সার। কালের করাল গ্রাসে জঙ্গলে ঘেরা ভগ্ন নীড়--আগাছা আর বুনোলতায় ঢেকেছে সারা চৌহদ্দি। “চিঠি” লেখা ডাক-বাক্সটা দেওয়ালে আজও, কিন্তু ডাক আসেনা আর!

(i) কারা,কখন,কাকেদেখতে কোথায় গিয়েছিলেন ? **[3]**

(ii) বাতাসে বারুদের গন্ধ কেন ছিল বলে মনে হয় ? **[3]**

(iii) কলকাতার মানুষদের কাছে শান্তিনিকেতন তখন কেমন ছিল? **[3]**

(iv) শান্তিনিকেতন পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত ?-ঠিক উত্তরটি বেছে লেখ। **[1]**

(a) বাঁকুড়া

(b) মুর্শিদাবাদ

(c) বর্ধমান

(d) বীরভূম

(v) ঠিক উত্তরটি বেছে লেখ- প্রাতরাশ বলতে বোঝায়- **[1]**

(a) বিকেলের জলখাবার

(b) সকালের জলখাবার

(c) চা চক্র

(d) দুপুরের খাবার

(vi) ঠিক উত্তরটি বেছে লেখ- তখন দু'বিঘা জমির দাম ছিল- **[1]**

(a) সাড়ে তিনশো টাকা

(b) দেড়শো টাকা

(c) আড়াইশো টাকা

(d) সাড়ে চারশো টাকা

(vii) ঠিক উত্তরটি বেছে নাও- 'বন্টন' শব্দের সমার্থক শব্দ হবে - **[1]**

(a) উৎসর্গ

(b) বিতরণ

(c) দান

(d) নিবেদন

(viii) ঠিক উত্তরটি বেছে নাও- বিজ্ঞাপন শব্দের পদান্তর হবে- **[1]**

(a) বিজ্ঞপ্তি

(b) বিজ্ঞাপনীয়

(c) বিজ্ঞাপনা

(d) বিজ্ঞাপিত

(ix) উদ্ধৃত রচনাংশটির নামকরণ কি হতে পারে ? –ঠিক উত্তরটি বেছে নাও। **[1]**

(a) রবীন্দ্রনাথের শেষ ক'দিন

(b) কবি বুদ্ধদেব ও শান্তিনিকেতন

(c) বেলাশেষে গুরুদেবের প্রতি অনুজ কবির শ্রদ্ধাজ্ঞাপন

(d) বসু দম্পতীর শান্তিনিকেতন ভ্রমণ

**Question 3**

**Do as directed.**

**নির্দেশ অনুসারে উত্তর দাও-**

(i) সত্যবাদীকে সকলেই ভালোবাসে। (জটিলবাক্যে পরিণত কর) **[1]**

(ii) রক্ষকই ভক্ষক। (যৌগিকবাক্যে পরিণত কর) **[1]**

(iii) সঠিক বানানটি বেছে নাও- **[1]**

(a) জিবিকা

(b) জীবীকা

(c) জীবিকা

(d) জিবীকা

(iv) ভুল বানানটি বেছে নাও- **[1]**

(a) প্রতিহিংসা

(b) সমীচীন

(c) প্রতিদন্দী

(d) প্রতীক্ষা

(v) দেনায় ভদ্রলোক আকন্ঠ পর্যন্ত ডুবে আছেন।-- বাক্যটি শুদ্ধ করে লিখলে হবে- **[1]**

(a) ভদ্রলোক আকন্ঠ পর্যন্ত দেনায় ডুবে আছেন।

(b) দেনায় ভদ্রলোক আকন্ঠ ডুবে আছেন।

(c) দেনায় আকন্ঠ পর্যন্ত ভদ্রলোক ডুবে আছেন।

(d) আকন্ঠ পর্যন্ত ডুবে আছেন দেনায় ভদ্রলোক ।

(vi) ভূতের গল্প শুনে রামের গা ____________ করতে থাকে। --উপযুক্ত ধ্বন্যাত্মক শব্দ বেছে শূন্যস্থান পূরণ কর- **[1]**

(a) থমথম

(b) ছমছম

(c) ভনভন

(d) টনটন

(vii) এই ক্ষুদ্র মানুষটি উপকার করবে।-বাক্যটিকে কর্মবাচ্যে পরিণত করলে হবে- **[1]**

(a) এই ক্ষুদ্র মানুষটি উপকারী।

(b) এই ক্ষুদ্র মানুষটির উপকার করা স্বভাব ।

(c) এই ক্ষুদ্র মানুষটির দ্বারা উপকৃত হবে।

(d) মানুষটি ক্ষুদ্র হলেও উপকারী।

(viii) তিনি হাসিমুখে বিয়ের খবর পারলেন।- বাক্যটিকে ভাববাচ্যে পরিণত করলে হবে- **[1]**

(a) বিয়ের খবর পারলেন তিনি হাসিমুখে ।

(b) তার হাসিমুখে বিয়ের খবর পারা হল।

(c) তিনি কর্তৃক বিয়ের খবর পারলেন।

(d) তিনি হাসিমুখে বিয়ের খবর পেরেছিলেন।

(ix) চোখের নিমেষ কাল- এর এককথায় প্রকাশ হবে- **[1]**

(a) মুহূর্ত

(b) চোখের নিমেষে

(c) তৎক্ষণাৎ

(d) পলক

(x) উপযুক্ত বাগধারা দিয়ে শূন্যস্থান পূরণ কর- **[1]**

ব্যবসা করছ করো,ওটাই তোমার ______________।

(a) আঙুল ফুলে কলা গাছ।

(b) হাতের পাঁচ।

(c) অরণ্যে রোদন।

(d) অমাবস্যার চাঁদ।

## SECTION B
## LITERATURE - 40 MARKS

*Answer **four** questions from this section on **any three** out of the four prescribed textbooks.*

নির্ধারিত চারটি পাঠ্যপুস্তকের মধ্যে যে কোনো তিনটি বই থেকে চারটি প্রশ্নের উত্তর দাও।

## প্রবন্ধ ও গদ্য সংকলন
## (PROBONDHO O GODYA SONKOLON)

**Question 4**

'এই যে পরীক্ষার সময়ে হলঘরে মাস্টার মশাইরা ঘুরে বেড়ান গার্ড হয়ে,তোমাদের পক্ষে এটা খুব লজ্জার কথা নয়'?

(i) কার লেখা কোন মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? **[1]**

(ii) বক্তা কে? কাদের উদ্দেশ্যে বলেছেন? **[2]**

(iii) কোন প্রসঙ্গে বলেছেন? **[2]**

(iv) মাস্টার মশাইরা যে পরীক্ষা হলে গার্ড দেন,তুমি কী মনে কর তা লজ্জার কথা? **[5]**

**Question 5** **[10]**

'আমার দাদামশাই তোমাদের কী করেছেন- কেন তোমরা তাঁকে ঠকাতে এসেছ-কেন এসেছ তোমরা'-

বক্তা কে ? কোন প্রসঙ্গে কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছেন ? তুমি কী মনে কর, বক্তা যে অভিযোগটি করেছিলেন তা সে যুগের পক্ষে খুব আধুনিক ছিল? তোমার মতামত যুক্তি দিয়ে আলোচনা কর।

**Question 6** **[10]**

'এ রেকর্ডটি কেউ ভেঙে নিশ্চিহ্ন করতে পারেনি,কেউ পারবে না।'

বক্তা কে ? কোন প্রসঙ্গে কথাটি বলেছেন? আজকের প্রজন্ম হিসেবে তুমিও কি বক্তার কথাটির সঙ্গে সহমত হবে ? আলোচনা কর।

# কবিতা সংকলন
## (KOBITA SONKOLON)

**Question 7**

‘এই তো জানু পেতে বসেছি,
পশ্চিম আজ বসন্তের শূন্য হাত
ধ্বংস করে দাও আমাকে যদি চাও
আমার সন্ততি স্বপ্নে থাক।’

(i) কার লেখা, কোন কাব্যগ্রন্থের কবিতা? **[1]**

(ii) বক্তা কে? তিনি জানু পেতে বসে কী করছেন? **[2]**

(iii) ‘পশ্চিম আজ বসন্তের শূন্য হাত’বলতেই বা কী বোঝানো হয়েছে? **[2]**

(iv) উদ্ধৃতাংশে পিতৃসত্তার যে প্রার্থনার কথা বলা হয়েছে,তা আজও প্রাসঙ্গিক বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। **[5]**

**Question 8** **[10]**

‘বর্ণপরিচয়’ কবিতায় শিশুর শিক্ষাক্ষেত্রে যে বৈষম্য লক্ষ্য করা যায়, তা আজও আমাদের সমাজে বর্তমান- আলোচনা কর।

**Question 9** **[10]**

‘নুন’ কবিতায় নিম্নবিত্তের নোনা চোখের জলের দিনলিপি,তাদের হাহাকার আজও শহরে কানপাতলে শোনা যায়- আলোচনা কর।

# কোনি
## (KONI)

**Question 10**

'খাওয়ায় আমার লোভ নেই,ডায়টিং করি'।

(i) বক্তা কে? **[1]**

(ii) বক্তার চেহারার বর্ণনা দাও। **[2]**

(iii) তিনি কী রকম ডায়টিং করতেন? **[2]**

(iv) ডায়টিং-এর প্রয়োজন আছে বলে তুমি মনে কর? এই বিষয়ে তোমার মতামত দাও। **[5]**

**Question 11** **[10]**

কোনির সাফল্যের পিছনে ছিল গুরু ক্ষিতীশের এক বড় অবদান-আলোচনা কর। -ক্ষিতীশের মত গুরু আজও সমাজের বিভিন্ন স্তরে বিভিন্ন পেশায় নিরন্তর কাজ করে চলেছেন-একথা তুমি বিশ্বাস কর? তোমার মতামত দাও।

**Question 12** **[10]**

'বেঙ্গলের স্বার্থেই কনকচাঁপা পালকে টিমে রাখতে হবে'।

বক্তা কে ? একথার মধ্য দিয়ে তাঁর কোন মানসিকতা প্রকাশ পেয়েছে ?

কোন অজুহাতে, কারা কনকচাঁপা পালকে বাদ দিতে চেয়েছিল ?

এদের মত মানুষের জন্যই আজ সমাজে ক্ষমতার অপব্যবহার করে পিছনের দরজা দিয়ে শীর্ষে পৌঁছনোর একটা প্রবণতা লক্ষ্য করা যায়—এই বিষয়ে তোমার মতামত দাও।

# মুকুট
## (MUKUT)

**Question 13**

‘এবার তোমার সময় এসেছে,সেই অপমানের শোধ দেবার’।

(i) বক্তা কে ?কার প্রতি তার এই উক্তি? **[1]**

(ii) কোন অপমানের কথা এখানে বলা হয়েছে? **[2]**

(iii) বক্তার কথার উত্তরে শ্রোতা কী বলেন? **[2]**

(iv) শ্রোতার জায়গায় তুমি থাকলে তুমি কী উত্তর দিতে? **[5]**

**Question 14** **[10]**

‘মুকুট’ নাটকটি অনুসরণ করে সেনাপতি ইশা খাঁর চরিত্র আলোচনা কর। তাঁর মত মানুষ আজকের সমাজে প্রশংসিত হবেন না সমালোচিত হবেন বলে তুমি মনে কর ?

**Question 15** **[10]**

‘এ মুকুট আমি তোমাকেই পরিয়ে দিচ্ছি’।

বক্তা কে? বক্তা কেন মুকুটটি উদ্দিষ্ট ব্যক্তিকে পরিয়ে দিতে চাইলেন? তোমার মতে ওই মুকুটটির যোগ্য উত্তরসূরী কে হতে পারতো বলে মনে হয়? আলোচনা কর।